

D-84-3
20/08/2020

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মোহনপুর, রাজশাহী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসক, রাজশাহী
(বাবসা, বাণিজ্য ও বিনিয়োগ শাখা)

www.mopa.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার



নং ০৫.৪৩.৮১০০.০২০.০১.০০২.২৩

২৬৫৭(১৫০)

তারিখ: ০৫ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
২০ সেপ্টেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি/নোটিশ

অত্যাাবশ্যিকীয় পণ্য নিয়ন্ত্রণ আইন, ১৯৫৬ এবং অত্যাাবশ্যিকীয় দ্রব্যাদি নিয়ন্ত্রণ আদেশ, ১৯৮১ মোতাবেক (১) লৌহ ও ইস্পাতজাত সামগ্রী, (২) সিমেন্ট, (৩) কাপড় (পাইকারী/খুচরা), (৪) সুতা (পাইকারী/খুচরা), (৫) মণিকার (স্বর্ণ), (৬) স্বর্ণকার (কারিগর), (৭) দুগ্ধজাত দ্রব্য, (৮) সিগারেট (পাইকারী ও পরিবেশক), (৯) কাগজ ও কাগজ জাতীয় দ্রব্যাদি (পাইকারী ও পরিবেশক), (১০) বৈদ্যুতিক ও রেডিও সামগ্রী এবং যন্ত্রপাতি, সেই সাথে তার, মোটার তার (Cable), টেলিভিশন সেট (২০ ইঞ্চির উর্ধ্বে), বৈদ্যুতিক বাল্ব, বৈদ্যুতিক ফ্যান (পাইকারী ও পরিবেশক)/(খুচরা), (১১) মেডিক্যাল ও সার্জিক্যাল সামগ্রী এবং যন্ত্রপাতি (পাইকারী ও পরিবেশক), (১২) বৈজ্ঞানিক ও পরিষ্কারের ব্যবহার্য যন্ত্রপাতিসহ কাঁচ ও কাঁচজাত দ্রব্যাদি (পাইকারী ও পরিবেশক), (১৩) বাই সাইকেল, বাই সাইকেলের পার্টস, টায়ার, টিউব (পাইকারী ও পরিবেশক), (১৪) স্যানিটারি ও পানি সম্প্রদায় ফিটিংস দ্রব্যাদি (পাইকারী ও পরিবেশক)/(খুচরা), (১৫) ওয়াশিং ও টয়লেট সাপ (পরিষ্কারক ও গায়েমাখা সাবান) (পাইকারী ও পরিবেশক), (১৬) ভোজ্য তেল (সরিষার, সয়াবিন, পামওয়েল ও ভেজিটেবল তৈ) (পাইকারী ও পরিবেশক), (১৭) চিনি (পাইকারী ও পরিবেশক) এবং (১৮) খাবার লবণ (সিট লবণ ব্যতীত) (পাইকারী ও পরিবেশক) এর ডিলিং লাইসেন্স গ্রহণ বাধ্যতামূলক এবং লাইসেন্স গ্রহণ ব্যতিরেকে ব্যবসা পরিচালনা আইনত দন্ডনীয় অপরাধ।

প্রসঙ্গত, অত্যাাবশ্যিকীয় পণ্য নিয়ন্ত্রণ আইন, ১৯৫৬ এবং অত্যাাবশ্যিকীয় দ্রব্যাদি নিয়ন্ত্রণ আদেশ, ১৯৮১ অমান্য করে আপনি/আপনার পরিচালিত প্রতিষ্ঠানটি বিনা ডিলিং লাইসেন্সে উল্লিখিত ক্রমিকের বর্ণিত তফসিলভুক্ত পণ্য/দ্রব্যের ব্যবসা পরিচালনা করছেন যা আইনত দন্ডনীয় অপরাধ।

এমতাবস্থায়, অত্র বিজ্ঞপ্তি/নোটিশ প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে আপনি/আপনার পরিচালিত প্রতিষ্ঠান/দোকানের অনুকূলে ডিলিং লাইসেন্স গ্রহণের নিমিত্ত হালনাগাদ ট্রেড লাইসেন্স, প্রতিষ্ঠান/দোকানের মালিকানার স্বপক্ষে কাগজাদি, জাতীয় পরিচয়পত্র, ছবি ও অন্যান্য প্রয়োজনীয় কাগজাদিসহ নির্ধারিত আবেদন ফরমে আবেদন দাখিলের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। অন্যথায় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

[Signature]
20/8/2020

নাফিস এলাহী
সহকারী কমিশনার
রাজশাহী

ফোন: ০২৫৮৮৮-৫৫৯৫৩ (অফিস)
ই-মেইল: actcrajshahi@mopa.gov.bd

বিতরণ:

.....
.....
.....
.....

নং ০৫.৪৩.৮১০০.০২০.০১.০০২.২৩

২৬৫৭(১৫০)

তারিখ: ০৫ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
২০ সেপ্টেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

০১. পরিচালক, জেলা তথ্য অফিস, রাজশাহী [সরকারি রাজস্ব আয়ের স্বার্থে জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহীর ব্যবসা, বাণিজ্য ও বিনিয়োগ শাখা হতে (কক্ষ নং ৩১২) হতে উল্লিখিত ব্যবসায়ীদের ডিলিং লাইসেন্স গ্রহণের নিমিত্ত রাজশাহী সিটি কর্পোরেশন এলাকার গুরুত্বপূর্ণ বাজার/মার্কেটে মাইকযোগে বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।]
০২. উপজেলা নির্বাহী অফিসার, পবা/গোদাগাড়ী/তানোর/মোহনপুর/দুর্গাপুর/পুঠিয়া/চারঘাট/বাঘা/বাগমারা, রাজশাহী [তঁার নিয়ন্ত্রণাধীন উপজেলার হাট-বাজার ও ব্যবসা কেন্দ্রে বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারসহ জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহীর ব্যবসা, বাণিজ্য ও বিনিয়োগ শাখা হতে (কক্ষ নং ৩১২) হতে উল্লিখিত ব্যবসায়ীদের ডিলিং লাইসেন্স গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।]
০৩. সহকারী কমিশনার (গোপনীয়), রাজশাহী (জেলা প্রশাসক, রাজশাহী মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)
০৪. সভাপতি রাজশাহী চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি রাজশাহী [উল্লিখিত ডিলিং লাইসেন্সবিহীন ব্যবসায়ীদের জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহীর ব্যবসা, বাণিজ্য ও বিনিয়োগ শাখা হতে (কক্ষ নং ৩১২) ডিলিং লাইসেন্স গ্রহণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।]

[Signature]
20/8/2020

নাফিস এলাহী
সহকারী কমিশনার
রাজশাহী

ফোন: ০২৫৮৮৮-৫৫৯৫৩ (অফিস)